We take this opportunity to request you to pay a visit to our centre and judge for yourself the worthiness of the support that you would kindly be willing to extend to our noble cause. You are also requested to log on to our website <http://www.mccc.org>) for more information related to our centre. We shall be happy to meet any queries related to our Centre that you may have at any time.



Opinion


Shefali Khatun

Assalamu Alaikum.

My name is **Shefali Khatun**, my patient's name is **Josna Begum**. I live in Birashi village under Paikgachha Upazilla, Khulna District. The patient is my mother. She initially had intense pain in her throat. She took medication as advised by a local doctor. However, her situation was showing no sign of improvement. Then we took her to a doctor in Dhaka city for tests and doctor's consultation. She was diagnosed with cancer through screenings. Everybody was so shocked hearing that she was suffering from such a serious disease. Neither we could believe it. We have no relatives in Dhaka city. So, we were not sure as to where to reside. We managed to receive details of **Mosabbir Cancer Care Centre** from a cousin and managed to get our patient admitted at this hospital. The environment and cordiality at **Mosabbir Cancer Care Centre** seemed more than we had expected. The staffs and caregivers here are very sincere and hospitable. There is facility for cooking, food storage and some entertainments as well. Actually, we are very lucky to get such a place to stay for the purpose of our mother's treatment. **I wish the owner of this hospital Col. Modasser Hossain Khan (Rtd), Bir Protik continued well-being. I also sincerely wish all the success of this institution.**

I am **Mosammat Mahmuda Akhter**, the patient **Abdul Mannan** is my husband. My village name is Lohagora, under Faridganj Police Station, Chandpur District. Initially my husband had bleeding from throat. We got initial consultancy and some diagnosis at Chadpur Sadar Hospital. But the diagnosis could not be completed there and, as such, we brought him to Anwar Khan Modern Hospital, and here the doctor told us that my husband has tumor in his lungs. After doing the **FNC**, a cancer was detected in his throat. Afterwards he was treated with chemotherapy six times for his malignancy. Thereafter, doctor advised us to undergo at least **25 radiotherapy** courses. I was deeply worried as to where in Dhaka city we would stay for a month or so, for conducting all these radiotherapy courses. Faced with this kind of situation, someone had recommended **Mossabir Cancer Care Centre**. As advised, we got our patient admitted there and the chemotherapy cost was offered to us on a minimal scale. Besides this, the hospital has arranged an ambulance service to shuttle the patient from **Mossabir Cancer Care Centre** at Dhanmondi to **Dhaka Medical College Hospital**. This organization has very supportive environment. We have certainly enjoyed our stay. We cannot mention in words how much we have been favored. I and my husband do wish this organization all the very best for its hospitality and generous services to the cancer patients and their attendants, which is remarkably gracious. **We also hope that this organization continues to provide humanitarian service and support to all the patients for years to come.**

Mahamuda Akhter



ক্যান্সার প্রতিরোধ হয় যদি মুখের স্বাস্থ্য বজায় রয়

Aa'icK cvi fxb kwn`v AvLZvi

মেডিকেল অনকোলজিস্ট, শান্তি ক্যান্সার ফাউন্ডেশন
সাবেক বিভাগীয় প্রধান, মেডিকেল অনকোলজি
জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা



ঠোঁট, গালের ভেতরের পর্দা, দাঁতের মাড়ি, জিহ্বা ও জিহ্বা সংলগ্ন মুখের অংশ, মুখের তালু, ইত্যাদি মুখ ও মুখ গহ্বরের প্রতিটি অংগই ক্যান্সার আক্রান্ত হতে পারে। দীর্ঘদিন বিভিন্ন কার্সিনোজেনের (ক্যান্সারের জন্য ঝুঁকিপূর্ণ উপাদান) প্রভাবে এ ধরনের ক্যান্সার হয়। প্রথম দিকে ছোট একটি বিন্দু আকারের ঘা বা পিঙ্গ আকারের ফোটার মত দেখায়। ধীরে ধীরে এর আকার বাড়তে বাড়তে এমন এক আকৃতি ধারণ করে যা দেখে শিউরে উঠতে হয়।

বাংলাদেশে মুখের ক্যান্সারে আক্রান্ত হওয়ার হার ১৫%। বিশ্বের চতুর্থতম ঝুঁকিপূর্ণ দেশ। মুখের ক্যান্সার জনিত মৃত্যু হারেও দ্বিতীয়। নারী পুরুষ উভয়েরই এ ধরনের ক্যান্সার হয়। তুলনামূলকভাবে পুরুষরা বেশী আক্রান্ত হন। সাধারণতঃ বয়স্করা (৫০ বছর এবং পঞ্চাশ উর্ধ্ব) এ রোগে আক্রান্ত হয়। তবে কম বয়সীদেরও এ ক্যান্সারে আক্রান্ত হওয়ার সংখ্যা কম নয়। একেবারে প্রথম দিকে তেমন কোন উপসর্গ থাকে না।

রোগ বাড়ার সাথে সাথে সমস্যাও বাড়তে থাকে। খাবার খেতে যত সমস্যা। মুখে ঝাল লাগা, খাবারের স্বাদেও পরিবর্তন হওয়া, খাবার চিবুতে কষ্ট, গিলতে কষ্ট, এমনকি অনেক সময় হা করতেও কষ্ট হয়। খাবার খেতে কষ্ট হওয়ায় অল্প দিনেই পুষ্টির অভাব দেখা দেয় এবং শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা লোপ পায়। মুখ ও মুখ গহ্বরের অংশবিশেষ ঠিকমত নড়াচড়া না করায় কথা জড়িয়ে যায় অর্থাৎ স্পষ্ট উচ্চারণে কথা বলা যায় না। এছাড়াও মুখ ও মুখ গহ্বরের ক্যান্সারের কারণে চোখের দৃষ্টি, নাকের গন্ধ এবং কানে শোনার মত বিশেষ স্নায়ুর কার্যকারিতায় বাধাগ্রস্ত হয়।

মুখের ক্যান্সারের প্রধান কারণ মুখের রুগ্ন স্বাস্থ্য। এর মূলে আছে -

- নিয়মিত দাঁত ব্রাশ ও মুখ পরিষ্কার না করা।
- দাঁত, মাড়ি ও মুখে ভাইরাস, ব্যাক্টেরিয়া ও ফানগাল ইনফেকশন।
- দাঁতের গোড়া ও মাড়ি থেকে রক্তক্ষরণ। দুর্গন্ধ বের হওয়া।
- পান, জর্দা, সাদা পাতা খাওয়ার অভ্যাস। অনেক সময় মুখের দুর্গন্ধ কমাতে পানের সংগে সুগন্ধি জর্দা, পানের মসলা ব্যবহার করা হয়।
- ভ্রান্ত ধারণা নিয়ে দাঁতের ব্যথা কমাতে দাঁতের গোড়ায় গুল (তামাক পাতার গুড়া) ব্যবহার করা।
- ধারালো, ভাস্মা দাঁত এবং যথাযথভাবে সেট না হওয়া বাধানো দাঁতের ঘর্ষনে প্রায়ই গাল, জিহ্বা, ও মাড়িতে ক্ষত হওয়া এবং সহসা না শুকানো
- অপুষ্টি
- এলকোহল পান

মুখের স্বাস্থ্য শুধুমাত্র দাঁত, জিহ্বা, মাড়ি, গাল, তালু, ঠোঁট এর স্বাস্থ্য নয়। সারা দেহের স্বাস্থ্যের প্রতিচ্ছবি। মুখ দেহের গেট। মুখের স্বাস্থ্য রুগ্ন হলে এর প্রভাবে জীবন সঙ্কটাপন্ন হওয়ার আশঙ্কা থাকে। ইনফেকশাস এজেন্ট খুব সহজেই খাবারের সাথে এবং মুখের রক্ত নালী দিয়ে দেহের বিভিন্ন স্থানে ছড়িয়ে যেতে পারে। মুখের রুগ্ন স্বাস্থ্য মুখের ক্যান্সারের জন্য প্রধানতঃ দায়ী। সম্প্রতি গবেষণায় প্রমাণিত হয়েছে যে দেহের বিভিন্ন অংগে বিশেষ করে পরিপাকতন্ত্র যেমন অগ্নাশয়, পাকস্থলি, খাদ্যনালীর ক্যান্সারের সাথে মাড়ি ও দাঁতের গোড়ার ব্যাকটেরিয়া জনিত প্রদাহের যোগসূত্রতা আছে। শুধু তাই নয় ক্যান্সার জনিত মৃত্যুও ত্বরান্বিত করে।



Early Detection
Saves Lives

Mouth Cancer Awareness Day
www.mouthcancerawareness.org



ক্যান্সার প্রতিরোধে মুখের সুস্বাস্থ্য বজায় রাখতে -

- দাঁত ব্রাশ করতে জানা এবং দিনে দু'বার দু'মিনিট করে খাবার পর ব্রাশ করা
- দাঁতের গোড়ায় আটকে থাকা খাবার ফ্লস করে বের করে আনা
- ফ্লুরাইড টুথপেস্ট ও মাউথ ওয়াশ ব্যবহার করা ।
- পান, জর্দা, সাদাপাতা কখনও না খাওয়া
- ধূমপান ও এলকোহল পান চিরতরে বন্ধ করা
- চিনি জাতীয় খাবার কম খাওয়া ।
- সুষম খাবার খাওয়া যাতে খাবারের সব উপাদান বজায় থাকে ।
- ধারালো, নড়বড়ে ও ভাঙ্গা দাঁত থাকলে দ্রুত দস্ত চিকিৎসকের পরামর্শ নেয়া ।
- বাধানো দাঁত থাকলে নিয়মিত চেক করানো ।
- প্রতি মাসে একবার আয়নায় নিজেই মুখের ভেতর নিজে পরীক্ষা করা ।
- কোন সমস্যা না থাকলেও বছরে দুবার দস্ত চিকিৎসক দিয়ে মুখের ভেতর পরীক্ষা করানো




মুখ ও মুখ গহ্বরের ক্যান্সার আশঙ্কা করার মত উপসর্গ ও চিহ্ন গুলো হলো -

- মুখের পর্দা বা ঝিল্লিতে কোন ক্ষত, খোঁচা খোঁচা অনুভব হওয়া, পিন্ড বা পুরু হয়ে যাওয়া ।
- মুখের পর্দা বা ঝিল্লিতে লাল বা সাদা ঘা ।
- গলায় কিছু একটা যেন বেধে আছে মনে হওয়া ।
- চিবুতে বা গিলতে কষ্ট হওয়া ।
- চোঁয়াল বা জিহ্বা নাড়াতে কষ্ট হওয়া ।
- জিহ্বা বা মুখের অন্যান্য অংশে বোধশক্তি কমে যাওয়া ।
- দাঁতের মাড়ি ফুলে যাওয়া এবং বাঁধানো দাঁত মাড়িতে ঠিকমত সেট না হওয়া ।
- এক কানে ব্যথা অনুভব করা কিন্তু কানে শুনতে কোন সমস্যা নাই ।



উল্লেখিত সমস্যার যে কোন একটি দু' সপ্তাহের বেশী স্থায়ী হলে দাঁত চিকিৎসক বা চিকিৎসকের পরামর্শ নিতে হবে এবং ক্যান্সার হয়েছে কি না তার জন্য ডাক্তারী পরীক্ষা করাতে হবে । তবে এ সকল উপসর্গ বা সংকেত মানেই ক্যান্সার নয় । বেশীর ভাগ ক্ষেত্রে প্রদাহ ও অন্যান্য কারণে এ ধরনের সমস্যা হয়ে থাকে ।





Rivqj gYLi K"vYvi



Ww: iKke D'ixb Avntg`
সহযোগী অধ্যাপক

ক্যান্সার বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ

মায়েরা তলপেটের যে অংশে সন্তান ধারণ করেন-সেটিই জরায়ু। জরায়ুর নিচের দিকে সরু মুখের নামই জরায়ু-মুখ বা cervix। উন্নত বিশ্বে জরায়ু-মুখের ক্যান্সারের প্রকোপ কম হ'লেও বাংলাদেশে মহিলারা যে সকল ক্যান্সারে আক্রান্ত হয় তার মধ্যে জরায়ু - মুখের ক্যান্সারই সর্বাধিক।

সকল বয়সের (৩০ বৎসর হ'তে ৭০ বৎসর) মহিলারা এ রোগে আক্রান্ত হ'তে পারে। সাধারণত: নিম্ন আয়ের পরিবারের মহিলারা অপেক্ষাকৃত অধিক আক্রান্ত হয়।

KviYmgna t

- ১) HPV - নামক ভাইরাসই জরায়ু-মুখের ক্যান্সারের জন্য প্রধানত দায়ী।
- ২। অল্প বয়সে দৈহিক মেলামেশা বা যে সকল মহিলারা একাধিক পুরুষের সাথে দৈহিক সম্পর্কে লিপ্ত থাকে - তাদের জরায়ু-মুখের ক্যান্সারের ঝুঁকি বেশি থাকে।
- ৩। ঘন ঘন অধিক সন্তান ধারণ করলে জরায়ু-মুখের ক্যান্সারের সম্ভাবনা বেশি থাকে।
- ৪। মাসিকের সময় পর্যাপ্ত পরিচ্ছন্নতা রক্ষা না করা
- ৫। ধূমপান-ও জরায়ু-মুখ ক্যান্সারের জন্য দায়ী।



লক্ষণ সমূহ :


রোগের বিস্তৃতি বা স্টেজের উপর নির্ভর করে লক্ষণ প্রকাশ পায়।

প্রাথমিক পর্যায়ে কোন লক্ষণ প্রকাশ নাও হতে পারে এমনকি Screening এর জন্য PAP test বা VIA টেস্টের মাধ্যমেই রোগের অস্তিত্ব পাওয়া যেতে পারে। সাধারণত: নিম্নের লক্ষণগুলোকেই জরায়ু-মুখের ক্যান্সার হিসাবে চিহ্নিত হয়।

- সহবাসের সময় রক্ত যাওয়া
- মাসিক বন্ধ হয়ে যাওয়ার পর অর্থাৎ মেনোপেজ-এর পর নূতন করে রক্তপড়া
- দুইটি মাসিকের মাঝে রক্তপড়া
- তলপেটে ব্যথা
- পা ফুলে যাওয়া
- শেষ পর্যায়ের দিকে পায়খানা ও প্রসাব করতে কষ্ট হওয়া, এমনকি প্রসাব বন্ধও হতে পারে।

কিভাবে মনুষ্যিক নগ্ন

লক্ষণগুলো ভালোভাবে প্রকাশিত হবার পূর্বেই জরায়ু-মুখের ক্যান্সার নির্ণয় করা যায়। PAP টেস্ট বা VIA টেস্ট -এর মাধ্যমেই রোগের উপস্থিতি বুঝা যায়। রোগের লক্ষণগুলো দেখা যাওয়ার পর মাসিকের রাস্তায় হাত ডুকিয়ে (P/V exam) করেই রোগের উপস্থিতি সনাক্ত করা যায়। তারপর colposcopic biopsy করে নিশ্চিত করা হয়। রোগের বিস্তৃতি (extent) বুঝার জন্য Examination Under anesthesia (EUA) ছাড়াও CT-scan, MRI, বুকের X'ray, লিভার ও কিডনি ফাংশন টেস্ট করা হয়।



ৱপৱKrmv t

Stage - Gi Dci wbf KtiB ৱপৱKrmv Kiv nq| wZb cKvii ৱপৱKrmv
f lqv nq|

১. সার্জারী
২. রেডিওথেরাপি
৩. কেমোথেরাপি

প্রাথমিক পর্যায়ে ধরা পরলে সার্জারীর মাধ্যমেই পুরাপুরি সুস্থ করা সম্ভব। দক্ষ Gynecologist-এর মাধ্যমেই এ জাতীয় operation করা উচিত।

যাদের operation করা যাচ্ছে না তাদের রেডিওথেরাপির মাধ্যমেই চিকিৎসা করা হয়।

Stage-IV- এ Palliative Chemotherapy দেয়া যেতে পারে।



cZtiva t

আমাদের প্রতিরোধের উপরই জোর দিতে হবে। জরায়ু-মুখ ক্যান্সার প্রতিরোধযোগ্য।

- HPV - টিকা - প্রথম সহবাসের পূর্বেই টিকা দিতে হয়।

১৩ বৎসর হ'তে ২১ বৎসর পর্যন্ত মেয়েদের টিকা দেওয়া যেতে পারে

- ধর্মীয় অনুশাসন মেনে স্বাভাবিক যৌনজীবন পালন করা।

- ধূমপান হ'তে বিরত থাকা।

- বাল্যবিবাহ প্রতিরোধ করা।

Screening অর্থাৎ রোগের লক্ষণ প্রকাশ ঘটান পূর্বেই রোগ নির্ণয় করা। বাংলাদেশে প্রতিটি উপজেলা পর্যায়েই VIA-টেস্ট এর মাধ্যমে এ রোগ সনাক্ত করা যায়।

শুরুতে অর্থাৎ Early stage - এ সনাক্ত করা গেলে জরায়ু-মুখ ক্যান্সার সম্পূর্ণ ভালো করা যায়।



Cytomag[®] 25

Eltrombopag




A Novel Approach To Boost
Platelet Count

Ropenia[®]

Filgrastim 30 MIU

Defending against Neutropenia

Comes with...



**FREE
DELIVERY**

**FAST
DELIVERY**

**HOME
DELIVERY**


tgvmweYi K'vYvi tKqvi tm>Uvi

KgZrciZvi msvfjB weeiYx Ges cZte` b 2019

ডা: সৈয়দ আনিসুর রহমান

ক্যান্সার রোগীর সংখ্যা যে হারে বাড়ছে সেই হারে এ দেশে ক্যান্সার সেবার প্রতিষ্ঠান গড়ে উঠেনি। হাতে গোনা যে সমস্ত সেবা প্রতিষ্ঠান আছে তাতে গরীব ক্যান্সার রোগীদের চিকিৎসা করা সাধের অতীত। আমরা যে সেবা প্রদান করে এগিয়ে চলেছি তেমনটিও খুব অভাব। সরকারী হাসপাতালে ক্যান্সার সেবার ব্যবস্থা থাকলেও সেখানে থাকার কোন ব্যবস্থা নেই। মাসের পর মাস ঢাকা শহরে অবস্থান করে চিকিৎসা গ্রহণ করা গরীব রোগীদের পক্ষে দুঃসাধ্য। আমরা এ কাজটা সাফল্যের সাথে করতে পারছি - জোর গলায় বলতে পারি। এই বছর এই সেন্টার থেকে মোট ৩৫০ জন ক্যান্সার রোগীকে সেবা প্রদান করা হয়েছে। এদের মধ্যে পুরুষের সংখ্যা ১৫০ জন মহিলার সংখ্যা ১৭০ জন এবং শিশু ৩০ জন।

-fYxt 1 ২০১৯ সালের পুরুষ, মহিলা ও শিশু রোগীর পরিসংখ্যান



মোট ১৫০ জন পুরুষ রোগীদের মধ্যে ৩৫ জন ফুসফুস ও ৩২ জন শ্বাসনালীর ক্যান্সার রোগী সেবার জন্য অত্র কেন্দ্রে আসেন। অবশিষ্ট রুগীরা বিভিন্ন অঙ্গে ক্যান্সার নিয়ে এখানে অবস্থান করেন।

মোট ১৭০ জন মহিলার মধ্যে সবচেয়ে বেশী রোগী আসেন ব্রেস্ট ক্যান্সার ৬৯ জন এরপর জরায়ুর ক্যান্সার নিয়ে আসেন ৫১ জন। অবশিষ্ট রুগীরা বিভিন্ন অঙ্গে ক্যান্সার নিয়ে এখানে অবস্থান করে। শিশুদের ৩০ জনই রক্তের ক্যান্সার নিয়ে আসেন।

fvqv tU÷ I teð পরীক্ষা t

গত বছর (২০১৯) সালে ০৭ জন মহিলার ভয়া টেস্ট ও ক্লিনিকাল ব্রেস্ট পরীক্ষা করা হয়েছিল। এবং ভর্তিকৃত রুগী এবং তাদের এটেনডেন্ট আত্মীয়-স্বজনদের কিভাবে ব্রেস্ট পরীক্ষা করতে হবে তার প্রশিক্ষণ দেওয়া হয়। এ বছর তা ২১ জন দাঁড়িয়েছে। কোন পজেটিভ কেস পাওয়া যায়নি।

tKtqt_iwc c0vb I AwvR mnvqZv t


১৭ জন ভর্তি রোগীকে আবাসন ফ্রি, ক্লিনিং চার্জ ও কেমোথেরাপি ক্রয়বাবদ ৪০,১৭০.০০ (চল্লিশ হাজার একশত সত্তর টাকা মাত্র) টাকা সহায়তা প্রদান করা হয় এবং এই কেন্দ্রে বিনামূল্যে ০৫ টি রুগীকে কেমোথেরাপি প্রদান করা হয়।

G'shj Y mpeav t

রোগীদের যাতায়াতের জন্য নামমাত্র (participatory fee) ফিতে এ্যাম্বুলেন্সে আনা নেওয়া করা হয়। ঢাকা মেডিকেল কলেজে রেডিওথেরাপীর জন্য এ বছর রুগীর সংখ্যা ২১৮৫ জন। এবছর এ্যাম্বুলেন্স যাতায়াত করেছে ১৮০০ কি:মি:।

স্বাস্থ্য শিক্ষা :

- প্রতি সপ্তাহের বৃহস্পতিবার কেন্দ্রে রোগীদের স্বাস্থ্য শিক্ষা ও সেবা প্রদান করা হয়।
- ভর্তিকালীন সময় নতুন রুগীকে স্বাস্থ্য শিক্ষা প্রদান করা হয়।
- লিফলেট বিতরণ।



MYm:PZbZvt

- ক্যান্সার সম্পর্কে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা, সেমিনার, মেডিকেল ক্যাম্প আয়োজনসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়।
- লঞ্চ, বাসস্ট্যান্ড ইত্যাদি স্থানসহ বিভিন্ন জনবহুল স্থানে ক্যান্সার সচেতনতা বিষয়ক লিফলেট ও পোস্টার বিলি করা হয়।
- ডিসচার্জ রোগীদের মাধ্যমে লিফলেট ও পোস্টার বিলি করা হয়।
- বিভিন্ন হাসপাতালে লিফলেট বিলি করা হয়।



Ab'ib' Kvh'ig I tgm#Kj K'v'u

২০১৪ সাল থেকে এবি ব্যাংকের সহায়তায় ও মোসাব্বির ক্যান্সার কেয়ার সেন্টারের উদ্যোগে প্রতিমাসের প্রথম শুক্রবার সর্বসাধারণ, বিশেষ করে দরিদ্র জনগণের জন্য বিনামূল্যে স্বাস্থ্য সেবা ও ঔষুধ প্রদান করা হয়। উক্ত ক্যাম্পে বিভিন্ন বিষয়ের বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা (মেডিসিন, সার্জারী, গাইনী, শিশু, চক্ষু, নাক-কান-গলা, চর্ম, কার্ডিওলজি ও দস্ত ইত্যাদি বিভাগে) চিকিৎসা সেবা প্রদান করা হয়। কিন্তু বিশেষ কারণে গত এপ্রিল মাস থেকে এই কার্যক্রম বন্ধ আছে। কোন সদাশয় প্রতিষ্ঠান এই কাজে এগিয়ে আসলে পুনরায় এটা চালু করা যাবে।


স্মরণী : ২০১৯ সনের এপ্রিল পর্যন্ত প্রতিমাসের প্রথম শুক্রবার লিঙ্গ ভিত্তিক উক্ত কেন্দ্রে সেবা প্রাপ্ত রুগীর সংখ্যা

পুরুষ	মহিলা	শিশু	মোট রুগীর সংখ্যা	চশমা প্রদান
১২১ জন	১৪২ জন	৬৭ জন	৩৩০ জন	৩৮ জন



MZ 2014 t_K 2019 mb Gucj chSicZgami cUg i'uevi D³ tK`ª t_K 5603 Rb `v' tmev MÅY KtiQb |

স্মরণী : ২০১৪ থেকে ২০১৯ সন এপ্রিল পর্যন্ত বছর ভিত্তিক প্রাপ্ত রোগীর ডাটা।



আমাদের এই ফ্রি ফ্রাইডে ক্লিনিক পরিচালনা করতে এ বি ব্যাংক মুখ্য ভূমিকা পালন করতেন । কয়েকটি ঔষধ কোম্পানী বিভিন্ন ঔষধ সরবরাহ করে এই কার্যক্রম সচল রেখেছিলেন । বর্তমানেও তারা ঔষধ সরবরাহ অব্যাহত রেখেছেন ।

তাদের মধ্যে উল্লেখযোগ্য -

১ । স্কয়ার ফার্মাসিটিকেলস লি:

২ । অপসোনিন গ্রুপ

৩ । ইউনিমেড এবং ইউনিহেলথ লি: ।

আমরা আশা করি অন্যান্য ঔষধ কোম্পানীগুলো এই মানবিক কার্যক্রমে অংশ গ্রহণ করতে এগিয়ে আসবেন ।

গত ২৬ই ডিসেম্বর ২০১৯ ইং সকাল ১১.০০ ঘটিকা "মোসাব্বির ক্যান্সার কেয়ার সেন্টার" বাড়ী-৩৭/১, রোড-০৩, ধানমন্ডি আ/এ ঢাকা-১২০৫, ক্যান্সার সংক্রান্ত একটি স্বল্পদৈর্ঘ্য প্রামাণ্য চিত্র প্রদর্শন ও দি ঢাকা মার্কেটাইল কো-অপারেটিভ ব্যাংক লি: এর অনুদান প্রদান উপলক্ষে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল । দি ঢাকা মার্কেটাইল কো-অপারেটিভ ব্যাংক লি: মোসাব্বির ক্যান্সার কেয়ার সেন্টারকে উল্লেখযোগ্য পরিমাণ অনুদান প্রদান করেন । সমাজের বিভিন্ন পেশায় নিয়োজিত গণ্যমান্য ব্যক্তি, গণমাধ্যমে কর্মরত ব্যক্তিবর্গ, বিশেষজ্ঞ ডাক্তার ও সুশীল সমাজের প্রতিনিধিগণ উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন ।



এ বি ব্যাংকের সহায়তায় ২০১২ সাল থেকে ৫০ % ডিসকাউন্টে এম সি সি সির নিজস্ব রোগী ছাড়াও বাইরের রোগীদের ল্যাব সুবিধা প্রদান করা হয় । ২০১৯ সনে মোট ১৭৬ জন রোগীকে ডায়াগনস্টিক ল্যাব সেবা প্রদান করা হয় ।

পুরুষ	মহিলা	শিশু	মোট
৮৪	৯০	০২	১৭৬



আব্দুল গফুরের কথা

টাঙ্গাইলের বাসাইল থানার কিছুরি গ্রামের গরিব আব্দুল গফুর মাটি কেটে এবং মাছ বিক্রয় করে সংসার চালাচ্ছিলেন। হঠাৎ করে ৬ মাস আগে তার কাশি হলো এবং গলাটা ভেঙ্গে গেল। ভাবলেন পানিতে ডুবে মাছ ধরেন তাই ঠান্ডা লেগে এমন হয়েছে। স্থানীয় স্বাস্থ্য বিভাগে গিয়ে ডাক্তার দেখান। ডাক্তার সাহেব ঔষধ দেন। কিন্তু কোন কাজ হয় না। উপয়াস্তর না দেখে টাঙ্গাইল সদর হাসপাতালে যান। সেখানেও তাকে ঔষধ দেওয়া হয় কিন্তু কোন কাজ হয় না। এদিকে রোগটা প্রকট আকার ধারণ করে। একদিন দেখলেন গলা দিয়ে রক্ত পড়ছে এবং আগে যেখানে ব্যথা ছিল না এখন ব্যথা করছে। টাঙ্গাইল সদর হাসপাতাল থেকে তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের নাক, কান ও গলা বিভাগে প্রেরণ করেন।



আব্দুল
গফুর

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের নাক, কান ও গলা বিভাগে তাকে বিভিন্ন পরীক্ষা করার পর শ্বাসতন্ত্রে ক্যান্সার রোগ নির্ণয় করা হয় এবং তাহা যথাশীঘ্র অপারেশন করতে বলা হয়। কিন্তু বিছানা খালি না থাকায় তাকে তখন ভর্তি করা হয় না। পরে সিট খালি হলে তিনি ভর্তি হন এবং সেখানে তার শ্বাসতন্ত্রেও অপারেশন হয় এবং বায়োপসি টেস্ট হয়। তাতে তার ক্যান্সারটা সঠিকভাবে নির্ণয় হয়। তখন তাকে ক্যান্সার বিভাগে প্রেরণ করা হয়। ক্যান্সার মূলত: বহির বিভাগে চিকিৎসা প্রদান করা হয়। সেখানে তাকে ৩ মাসে ৩টা কেমোথেরাপি দেওয়া হয়। পরবর্তীতে তাকে ৩১টা রেডিওথেরাপির জন্য বলা হয়।

গরীব গফুর মিয়া পাগলের মত ক্যান্সার বিভাগে নিজের স্ত্রীকে নিয়ে ঘোরাফেরা করছিলেন। অন্যান্য রোগীদের সাথে কথা হলো। কথায় কথায় জানতে পারলেন মাসাবিবর ক্যান্সার কেয়ার সেন্টারের কথা। রোগীরা দেখিয়ে দিল মাসাবিবর ক্যান্সার কেয়ার সেন্টারের এ্যান্থ্রলেপের ড্রাইভার রেজাউলকে। ড্রাইভারের সহায়তায় তারা পৌঁছালেন সেন্টারে। সেখান থেকে সে ২৭টার মত রেডিওথেরাপি শেষ করেছে। আরও বাকী রয়েছে ৪টি। কিন্তু চিকিৎসার বাকি অনেক, অর্থের দরকার অনেক। সদাশয় ব্যক্তিদের তাদের হাত গরীব গফুর মিয়ার চিকিৎসার জন্য প্রসারিত করার জন্য আকুল আবেদন করা হচ্ছে।

সাইদুলের কথা

ফেনী জেলার পশুরাম থানার ছোট শিশু সাইদুল এখন ৪ বছরে পড়েছে। যখন তার বয়স ২ বছর ৯ মাস তখন তার জ্বর দেখা দেয়। সাথে সাথে তার বাবা ডাক্তার দেখান। ডাক্তার সাহেব টাইফোয়েড রোগের চিকিৎসা দেন। তিনি ১৫টা সেক্সট্রন ইনজেকশন দেন। শিশুটি এই ১৪ দিন সুস্থ্য ছিল। কিন্তু ১৫ দিন পর যখন আবার জ্বর উঠলো তখন তার বাবা ঘাবড়ে যান এবং শিশুটিকে নিয়ে ফেনী হাসপাতালে যান। সেখানেও শিশুটিকে সেফটন ইনজেকশন দেয়। কিন্তু জ্বর না পড়ায় শিশু সাইদুলের রক্ত পরীক্ষা করা হয়। রক্তে হিমোগ্লোবিন যখন ৩% এবং WBC ০৩% দেখা যায় তখন সাথে সাথে তাকে বঙ্গবন্ধু শেখ মজিবুর মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে প্রেরণ করা হয়।

সেখানে ধরা পড়ে শিশুটি লিউকিমিয়া রোগে ভুগছে। সাথে সাথে কেমোথেরাপি শুরু হয়। এখনো কেমো চলছে। আরো ২ বছর কেমোথেরাপি চলবে। ভাল না হলে আবার নতুন করে কেমোথেরাপি ঠিক করা হবে। কতদিন এটা চলবে জসিমউদ্দিন জানেন না। একে কেমো ক্রয় করার খরচ তার উপর বাইরে থেকে চিকিৎসা চালানোর খরচ কুলাতে সাইদুলের বাবা জসিমউদ্দিন হাণ্ডিয়ে উঠলেন। কি করবেন ভেবে পাচ্ছিলেন না। হাসপাতালের একজন রুগি মোসাবিবর ক্যান্সার কেয়ার সেন্টারের খোঁজ দিলেন। মোসাবিবর ক্যান্সার কেয়ার সেন্টারে এসে তিনি প্রাণ ফিরে পেলেন। দীর্ঘ পথ তাদের চলতে হবে। মূল্যবান ঔষধ তাদের ক্রয় করতে হবে। চিকিৎসা তাদের চালাতে হবে, না খেয়ে হলেও চিকিৎসা চালাতে হবে। সবকিছু বিক্রয় করে হলেও তা চালাবেন সংকল্প তার। হাত পাততে পারেন না কিন্তু নিবেদন করেছেন ছোট শিশুর বাঁচার জন্য সদাশয় ব্যক্তিদের কাছে।

সাইদুল



আগত` i gZv t` tk ZvgvK vKfvte K`vYvi-RvbZ gZzi nvi ewK Kti ?



প্রফেসর ডা: গোলাম মহিউদ্দিন ফারুক
অনকোলজী এবং হেল্থ ইকোনমিস্ট
যুগ্ম সচিব, বাংলাদেশ ক্যান্সার সোসাইটি

পৃথিবীর পশ্চিমের দেশগুলোতে তামাক শিল্প বিভিন্ন আইন-কানূনের কারণে ধরা খেলেও আমাদের মতো দেশে তামাকের উপর উচ্চ হারে কর আরোপের ক্ষেত্রে বাধা দেবার জন্য আশ্রয় চেষ্টা করে চলেছে।



বাংলাদেশের নারী, পুরুষ এবং তরুণ জনগোষ্ঠীর প্রায় সিকিভাগ মানুষ কোন না কোন ভাবে তামাক সেবনে অভ্যস্ত। বাংলাদেশে ক্যান্সার আক্রান্ত মানুষের সেবা, যা আমি প্রতিদিন করে থাকি, আরো সহজ হওয়া উচিত। গত কয়েক দশকের অর্থনৈতিক অগ্রগতির ফলে এদেশে চরম দারিদ্র্যের হার প্রায় অর্ধেক নেমে এসেছে। ফলে প্রকারান্তরে মানুষের জীবনমান ও স্বাস্থ্য পরিস্থিতির ব্যাপক উন্নতি ঘটেছে। সেই সাথে মা ও শিশু মৃত্যুর হারও বহুলাংশে কমে এসেছে। মানুষের স্বাস্থ্যের কথা চিন্তা করতে গিয়ে আমার খুব দুঃশ্চিন্তা হতো তবে এখন আর হয় না।

কিন্তু আমি ভেবে পাই না, সামগ্রিক স্বাস্থ্য পরিস্থিতির উন্নতি ঘটলেও ক্যান্সার চিকিৎসার ব্যাপারে তেমন কোন উন্নতি দেখি না কেনো? বিষয়টি কিন্তু আসলেও খুব জটিল। বাংলাদেশ-সহ বহু উন্নয়নশীল দেশের স্বাস্থ্য পরিস্থিতি অনেকটা ভাল হতে পারতো, যদি দেশগুলিতে 'তামাক শিল্প' নামক এই আশ্রাসী দৈত্যটিকে দমন করা যেতো।

তথাকথিত “মুক্ত বাজার অর্থনীতি” এই সর্বনাশা তামাক শিল্পকে মদদ দিচ্ছে।

পশ্চিমা দেশগুলোতে হেরে গিয়ে তামাক শিল্প এখন উন্নয়নশীল দেশগুলোর ঘাড়ে সওয়ার হয়েছে। তামাকের উপর কঠোর কর আরোপের বিষয়গুলো চেপে গিয়ে তারা অর্থনীতিতে তাদের অবদানের কথা জোর গলায় বলে বেড়াচ্ছে। তারা এও বলছে যে, তামাকের খাজনা বাড়লে নাকি চোরাচালান উৎসাহিত হয়। তামাকের 'লবি' আসলেও বিরাট শক্তিদ্বার। তাছাড়া তামাকের কর কাঠামো এমনই জটিল ও ক্রটিপূর্ণ যে এই খাতে কর ফাঁকি দেওয়া কোন ব্যাপার নয়। ফলে রাষ্ট্রকে পড়তে হয় রাজস্ব ঘাটতিতে আর উন্নয়ন লক্ষ্যমাত্রা পড়ে পিছিয়ে।

তামাক সমস্যায় অনেক বড় এবং রীতিমত অপপ্রতিরোধী। বাংলাদেশের নারী, পুরুষ এবং তরুণ জনগোষ্ঠীর প্রায় এক চতুর্থাংশ কোন না কোন ভাবে তামাক সেবনে অভ্যস্ত। তামাক থেকে মানুষের সাধারণতঃ পাঁচটি অঙ্গে ক্যান্সার হয় - যেমন ফুসফুস, মুখ এবং খাদ্যনালী। বাংলাদেশ ক্যান্সার সোসাইটি, যারা ক্যান্সার রিসার্চ, UK এবং আমেরিকান ক্যান্সার সোসাইটি সম্প্রতি এক যৌথ প্রতিবেদনে দেখিয়েছে যে, তামাক থেকে বাংলাদেশ প্রতি বছর কর পায় ২.৭ বিলিয়ন পাউন্ড, আর বাংলাদেশে মোট বার্ষিক ব্রিটিশ অনুদানের পরিমাণ হলো ১৭০ মিলিয়ন পাউন্ড। এই তুলনামূলক চিত্রটি কতই না পরিহাসজনক, নয় কি?


তামাকের বিশ্ব প্রভুরা অর্থনীতিরও ব্যাপক ক্ষতি করে চলেছে। ক্যান্সারে যারা ভুগছে এবং অকালে মারা যাচ্ছে তারা সকলেই মধ্যম বা কর্মজীবী বয়সী। দীর্ঘ দিন চিকিৎসা চলাকালে এরা কোন কাজ করতে পারে না। অনেকেই কর্মজগতে আর কোনো দিনই ফিরতে পারে না। যারা আমাদের চিকিৎসার কারণে শেষ পর্যন্ত সুস্থ হয়ে ওঠেও, দীর্ঘ দিন তারা কাজে ফিরতে পারে না। ফলে বহু পরিবার ধ্বংসের মুখে পড়ে। ক্যান্সার চিকিৎসায় রেডিওথেরাপি নিতে সরকারি হাসপাতালে ১৫০ আর প্রাইভেট হাসপাতালে ১৫০০ পাউন্ডের মত লাগে, সেই দেশে, যে দেশে গড়ে একটি পরিবারের আয় বড়জোর ৪৫ পাউন্ড।

তারপরও বলতে হয় বাংলাদেশে তামাক এখনও ক্ষয়সাধ্যের মধ্যে। সরকার কর কিছু বাড়ালেও পরিবারের গড় উপার্জন বৃদ্ধির সূচকে এর কোন প্রভাব চোখে পড়ে না।

আমাদের দেশে অন্য আরো অনেক সমস্যা আছে। আমাদের ১.৬৪ মিলিয়ন জনসংখ্যার জন্য মাত্র ২৪টি ক্যান্সার হাসপাতাল আছে।

ক্যান্সারের হার বাড়ার পিছনে আছে সংক্রমণের পাশাপাশি অন্যান্য ব্যাধি যেমন হৃদরোগ, ডায়াবেটিস প্রভৃতি। সুতরাং গরিব দেশ হবার কারণে আমাদের দেশে ক্যান্সার এর সাথে ইনফেকশন যুক্ত অসুখের হারও বাড়ছে, যা পশ্চিমের উচ্চ আয়ের দেশগুলোতে বেশি, যেমন যুক্তরাজ্যে।


তবে ক্যান্সার এর হার বৃদ্ধির পিছনে অর্থনৈতিক উন্নতির সম্পর্ক অনিবার্যতঃ থাকতেই হবে এমন কোন কথা নেই। ক্যান্সার রিসার্চ, ইউকে তাদের গবেষণায় দেখিয়েছে, ১৯৬০ এর দশক থেকে যুক্তরাজ্যে ধূমপান কমেছে এবং সেই সাথে কমেছে ফুসফুসের ক্যান্সার। না, এটা কোন দৈব বা কাকতালীয় ব্যাপার নয় মোটেও। আইন ও বিধানের অবদানই এখানে বেশি। প্রকাশ্য জায়গায় ধূমপান নিষেধ, স্বাস্থ্য-সাবধানতার হুঁশিয়ারি, কর বৃদ্ধি এগুলো সাংঘাতিক কাজে এসেছে সে দেশে। বাংলাদেশের প্রধানমন্ত্রী ঘোষণা করেছেন তিনি ২০৪০ নাগাদ দেশকে তামাকমুক্ত দেখতে চান। তবে এজন্য তাঁকে দ্রুত পদক্ষেপ নিতে হবে। এতে দেশের স্বাস্থ্য ও সম্পদ অর্জনের ক্ষেত্রে বড় ধরনের সাফল্য পাওয়া যাবে।



Aummj vgyAvj iBKg

আমার নাম মোছা: শেফালী খাতুন, রোগী জ্যোৎস্না বেগম। আমার নিজ গ্রামের নাম বিরিশী, উপজেলা পাইকগাছা, জেলা খুলনা। রোগী সম্পর্কে আমার মা হন। আমার মার প্রাথমিক অবস্থায় গলায় ভীষণ জ্বালা ও ব্যথা শুরু হয়। স্থানীয় ডাক্তার এর পরামর্শে সাধারণ ওষুধ খায়। ধীরে ধীরে চরম অবস্থার সম্মুখীন হয়। তখন আমরা পরীক্ষা-নিরীক্ষা ও ডাক্তার দেখানোর জন্য ঢাকায় নিয়ে আসি। পরীক্ষা-নিরীক্ষা করার পর আমার মায়ের গলায় ক্যান্সার ধরা পড়ে। প্রত্যেকের যেমন বিশ্বাস করতে কষ্ট হয় যে এত বড় একটা রোগ হয়েছে। তেমনি আমার ও আমার পরিবার প্রথমে বিশ্বাস করতে পারিনি। ঢাকাতে আমাদের কোনো আত্মীয় স্বজন নেই। কোথায় থাকবো এই বিষয়ে খুব চিন্তিত ছিলাম। ঢাকা মেডিকেল কলেজ অনকোলজি বিভাগের ডাক্তার সাহেবের কাছ থেকে আমার খালাতো ভাই মোসাব্বির ক্যান্সার কেয়ার সেন্টারের ঠিকানা পেয়ে আমরা এখানে চলে আসি এবং ভর্তি হই। মোসাব্বির ক্যান্সার কেয়ার সেন্টার সম্পর্কে যতটা ভেবেছিলাম তার থেকে অনেক বেশি সুন্দর ও মনোরম পরিবেশ। এই সেন্টারের সবাই খুবই বন্ধুত্বসুলভ। এখানে রান্নার ব্যবস্থা ও খাদ্য সংরক্ষণের জন্য সু-ব্যবস্থা রয়েছে। এখানে বিনোদনের ব্যবস্থা আছে। সত্যি কথা আমরা এখানে থাকতে পেরে খুবই উপকৃত হয়েছি। আমি এই প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা কর্ণেল মোদাস্‌সের হোসেন খান (অব:) বি,পির সুস্বাস্থ্য কামনা করি। সর্বোপরি আমি এই প্রতিষ্ঠানের মঙ্গল কামনা করি।

আমি মোছা: মাহমুদা আক্তার, রোগী আব্দুল মান্নান আমার স্বামী। আমার গ্রামের নাম লোহাগড়া, থানা ফরিদগঞ্জ ও জেলা চাঁদপুর। আমার স্বামীর প্রাথমিক অবস্থায় গলা দিয়ে কাশি ও রক্ত বের হতো। চাঁদপুর সদর হাসপাতালে ডাক্তার দেখায় এবং কিছু পরীক্ষা-নিরীক্ষা করার পর রোগ নির্ণয় করতে পারেনি। তারপর ডাক্তারের মাধ্যমে আমরা আনোয়ার খান মর্ডান হাসপাতালে আমার স্বামীকে ডাক্তার দেখানোর জন্য নিয়ে আসি। পরীক্ষা-নিরীক্ষা করার পর ডাক্তার আমাকে বলে আপনার স্বামীর ফুসফুসিতে টিউমার হয়েছে। FNAC করার পর টিউমার থেকে ক্যান্সার ধরা পড়ে। ক্যান্সার রোগে আক্রান্ত হওয়ার পর আমরা ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ৬টি কেমোথেরাপি দেওয়া হয়। এরপর ডাক্তার আমাদের ২৫টি রেডিওথেরাপি দেওয়ার কথা বলে। কিন্তু রেডিওথেরাপি দেওয়ার জন্য আমার স্বামীকে নিয়ে ঢাকায় এক মাসের জন্য থাকতে হবে। তাই আমি চিন্তায় পড়ি যাই। এমতাবস্থায় একজন ব্যক্তি আমাকে মোসাব্বির ক্যান্সার কেয়ার সেন্টারের খোঁজ দিলেন। আমরা সেখানে ভর্তি হই এবং ঢাকা মেডিকেল কলেজে নামমাত্র মূল্যে রেডিওথেরাপি দিচ্ছি। শুধু তাই নয় - সঠিক সময় মোসাব্বির ক্যান্সার কেয়ার সেন্টারের এ্যাডুলেসে করে আমাদেরকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে আনা-নেওয়া করছে। এই প্রতিষ্ঠানের পরিবেশ অতি মনোরম ও সুন্দর। এই প্রতিষ্ঠানে থেকে আমাদের খুব ভাল লেগেছে। এতে আমাদের কত যে উপকার হচ্ছে তা বলে বুঝানো যাবে না। আমি ও আমার স্বামী মোসাব্বির ক্যান্সার কেয়ার সেন্টারের জন্য সৃষ্টিকর্তার কাছে প্রার্থনা ও মঙ্গল কামনা করি। এই প্রতিষ্ঠান যেন এই ভাবে ক্যান্সার রোগীদের সেবা প্রদান করতে পারে। আমরা এই প্রতিষ্ঠানের কাছে চিরকৃতজ্ঞ থাকবো।



এমসিসিসি এর লক্ষ্য ও বৈশিষ্ট্য

- ক্যান্সার আক্রান্ত রোগীদের চিকিৎসার ক্ষেত্রে সু-পরামর্শ ও সহযোগিতা প্রদান
- চিকিৎসা চলাকালীন সময়ে বিনামূল্যে আবাসন সুবিধা প্রদান
- প্রয়োজনীয় ডায়াগনস্টিক পরীক্ষা-নিরীক্ষার ক্ষেত্রে বিশেষ সুবিধা প্রদান
- সাশ্রয়ী মূল্যে ঔষধ সংগ্রহে রোগীদের বিশেষ সহযোগিতা প্রদান, প্রয়োজনে রক্তপ্রদান সংক্রান্ত সার্বিক সহযোগিতা প্রদান
- সর্বাধুনিক চিকিৎসা প্রদানের উদ্দেশ্যে বিশেষজ্ঞদের পরামর্শ গ্রহণের ব্যবস্থা
- প্রয়োজনে দেশ বিদেশে অধিকতর উন্নত চিকিৎসার উদ্দেশ্যে যথোপযুক্ত তথ্য ও পরামর্শ প্রদান
- ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ামের মাধ্যমে ক্যান্সার প্রতিরোধে দেশব্যাপী গণসচেতনতা সৃষ্টি
- ক্যান্সারের আধুনিক চিকিৎসার ক্ষেত্রে দেশী-বিদেশী বিশেষজ্ঞদের জ্ঞান ও অভিজ্ঞতার আদান-প্রদানের উদ্দেশ্যে বৈজ্ঞানিক সম্মেলনের আয়োজন করা
- ক্যান্সার রোগী এবং তাদের পরিবারকে সমাজের বিভিন্ন ক্ষেত্রে পুনর্বাসনে সহযোগিতা করা
- ক্যান্সার রোগীর সেবা ও পরিচালনায় স্বাস্থ্যকর্মীদের দক্ষ ও যুগোপযোগী করে তোলার জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা
- চিকিৎসা, সেবাকর্মীদের দক্ষতা ও ক্যান্সার চিকিৎসায় বিশ্বব্যাপী সাম্প্রতিক পরিস্থিতি সম্পর্কে তথ্যভিত্তিক করে তোলার লক্ষ্যে প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করা
- দেশে ও দেশের বাইরে ক্যান্সার আক্রান্ত রোগীদের মধ্যে পারস্পরিক ভাব ও অনুভূতি আদান প্রদানের ব্যবস্থা করা
- দেশের ও দেশের বাইরের ক্যান্সার রোগীদের মধ্যে একটি সেতুবন্ধন সৃষ্টি করা

এমসিসিসি প্রদত্ত সেবাসমূহ

- চিকিৎসকের সার্বক্ষণিক উপস্থিতির মাধ্যমে পরামর্শ
- উপদেষ্টা সেবা
- তথ্য ও রেফারেল
- ক্যান্সার রোগীদের বিনা ভাড়া আবাসনসহ বিবিধ সুবিধা প্রদান
- ডে-কেয়ার কেমোথেরাপি

- এমসিসিসি ডায়াগনস্টিক ল্যাবরেটরীতে রোগীদের বিভিন্ন পরীক্ষা নিরীক্ষা করার জন্য বিশেষ ছাড়ের সুবিধা প্রদান
- ক্যান্সার চিকিৎসায় রোগীদের সাশ্রয়ী মূল্যে ঔষধ প্রদানের ব্যবস্থা ও রক্তপ্রদানে প্রয়োজনীয় সহযোগিতা করা
- ঘাতকব্যাদি ক্যান্সার রোগীর প্রান্তিক সময়ে নিজস্ব বাসস্থানে পরিচর্যা
- ভায়া টেষ্ট এবং পরীক্ষার মাধ্যমে জরায়ু ক্যান্সারের প্রাথমিক রোগ নির্ণয়ে ক্যান্সার সংক্রান্ত সেমিনারের আয়োজন
- ক্যান্সার সংক্রান্ত সেমিনারের আয়োজন
- টেলিভিশন এবং সংবাদপত্রে ক্যান্সার প্রতিরোধ ও প্রতিকার সম্পর্কিত প্রামাণ্যচিত্র ও বিজ্ঞাপন প্রদর্শন
- ক্যান্সার রোগীদের সার্জারী এবং রেডিওথেরাপিসহ উন্নত চিকিৎসার জন্য শহরের অন্য হাসপাতালে কেন্দ্রের নিজস্ব এ্যাম্বুলেন্সে স্থানান্তর



ক্যান্সার টিপস

ক্যান্সার-নির্ণয় বিষয়ক সাধারণ কিছু পরামর্শ

- খুসখুসে কাশি কিংবা ভাস্কা কণ্ঠস্বর
- সহজে নিরাময় হয় না এমন ক্ষত বা প্রদাহ
- অস্বাভাবিক রক্তক্ষরণ
- গিলতে অসুবিধা বা হজমে গন্ডগোল
- তিল বা আঁচিলের সুস্পষ্ট পরিবর্তন
- মলমূত্র ত্যাগের অভ্যাসের পরিবর্তন
- শরীরের কোন অংশে পিণ্ডের সৃষ্টি হওয়া



Microscopic perfection for global healthcare solutions.

We take it minute by minute, drop by drop, molecule by molecule. The miracle of a pyramid is in the perfection of every stone. The miracle of life is in the health of every cell. At Beximco Pharma, we are tireless at achieving such perfection in every molecule of our medicines. That's our little contribution to life. [Here's to perfection.](#) [Here's to life.](#)



here's to life



Certified: **US FDA** **TGA Australia** **Malta (EU)** **Health Canada** **WHO**

এই মূল্যে আমাদের যা প্রয়োজন

- এককালীন বা মাসিক ভিত্তিতে প্রতিষ্ঠানের রক্ষণাবেক্ষণের জন্য সময়ে সময়ে আর্থিক সহযোগিতা
- চিকিৎসা সরঞ্জামাদি (ক্লিনিক্যাল ও ডায়াগনোস্টিক)
- ঔষধপত্র (ক্যান্সারের ঔষধ, কেমিক্যালস এবং ডায়াগনোস্টিক পরীক্ষা-নিরীক্ষার জন্য ব্যবহৃত রাসায়নিক উপাদানসমূহ)
- ক্যান্সার চিকিৎসা বিষয়ক বই, সাময়িকী, লিফলেট, গবেষণাপত্র এবং অন্যান্য রোগ উপশমকারী উপাদান
- ডাক্তার, নার্স, সমাজসেবা-কর্মী এবং স্বাস্থ্যসেবীকে পরামর্শ, ডায়াগনোসিস, চিকিৎসা এবং উপশমকারী ব্যবস্থা সম্পর্কে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান
- জমি/বাড়ী (নিজস্ব জমিতে পূর্ণাঙ্গ হাসপাতাল তৈরীর জন্য)
- পৃথকভাবে বিভিন্ন রোগীকে সহায়তা

- মাসিক আর্থিক সহযোগিতা
- মাসিক আর্থিক সহযোগিতা
- মাসিক আর্থিক সহযোগিতা

ভবিষ্যত
কর্মপন্থা

● নগদ ● চেক

এছাড়াও অন্য যেকোন ধরণের সহযোগিতা প্রদানের জন্য মোসাব্বির ক্যান্সার কেয়ার সেন্টার, বাংলাদেশ - এর নামে অথবা নিচের ঠিকানায় অনুগ্রহপূর্বক যোগাযোগ করুন।

কিভাবে
সাহায্য করবেন

বাংলাদেশ : মোসাব্বির ক্যান্সার কেয়ার সেন্টার, বাড়ি ৩৭/১, রোড ৩, ধানমন্ডি আ/এ, ঢাকা ১২০৫

যুক্তরাজ্য : ৪৪ রেড মিড রোড, হেইস, মিডল সেক্স, ইউ বি ৩৪ এ এক্স, যুক্তরাজ্য। ফোন : ০০৪৪-২০৮-৫৬১-৯১৫২

আমেরিকা : ৭৪৩৯ হাইওয়ে ৭০ এস, এ্যাপ নং ১৩৯, ন্যাশভিল, টেনিসী ৩৭২২১
ফোন : ৫৭১-২৯৪-৪-৪৭৬৫, ৬১৫-৫৩০-৪৫২০ Email : mccc@dhaka.net

বিশেষ দৃষ্টব্য :

আপনাকে অনুরোধ করা
যাচ্ছে যে, সময় ও সুযোগ
মত কেন্দ্র পরিদর্শন করুন
অথবা আমাদের ওয়েব সাইড
(www.mcccdbd.org)
থেকে কেন্দ্রটি সম্পর্কে
বিশদভাবে জেনে নিন



মোসাব্বির ক্যান্সার কেয়ার সেন্টার
ক্যান্সার রোগীদের সেবায় আত্মনিবেদিত একটি অলাভজনক প্রতিষ্ঠান